**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 19-08-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

**Maharaja Bir Bikram Birth Anniversary :**

আজ মহারাজা বীর বিক্রম কিশোর মানিক্যের ১১৭তম জন্মবার্ষিকী। রাজ্য সরকারের উদ্যোগে দিনটি যথাযথ মর্যাদায় উদযাপনের জন্য আগরতলায় রবীন্দ্র শতবার্ষিকী ভবনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। সকাল ১১টায় এই অনুষ্ঠানে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা। এর আগে সকাল ১০টা ১৫ মিনিটে আগরতলার এমবিবি চৌমুহনীর জিরো পয়েন্টে মহারাজার আবক্ষ মূর্তিতে মাল্যদান করবেন তিনি। পরে বিকেল চারটায় এক অনুষ্ঠানে আগরতলার বীর বিক্রম মেমোরিয়াল কলেজে মহারাজার মূর্তির আবরণ উন্মোচন করবেন মুখ্যমন্ত্রী।

***************************

**Governor-CM Courtesy Meet :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর সঙ্গে গতকাল রাজভবনে সাক্ষাত করেন কলকাতার ইস্টার্ন কমান্ডিং ইন চিফ লেফটেন্যান্ট জেনারেল রামচন্দর তিওয়ারি। তার সাথে আসাম রাইফেলস এর অন্যান্য আধিকারিকরা উপস্থিত ছিলেন। পরে তারা মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার সাথে সাক্ষাৎ করেন। দেশের নিরাপত্তা সুনিশ্চিত করা এবং কল্যাণকর কাজে উদ্যোগের জন্য রাজ্যপাল এবং মুখ্যমন্ত্রী ভারতীয় সেনাবাহিনীকে অভিনন্দন জানান।

****************************

**TRBT :**

স্নাতকোত্তর শিক্ষক পদে ১০৩৩টি পদে নিয়োগের জন্য গতকাল বিজ্ঞপ্তি জারি করেছে টিচার রিকুটমেন্ট বোর্ড। বোর্ডের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে এই খবর জানানো হয়েছে।

*****************************

**Indian Space Station :**

কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী ডঃ জিতেন্দ্র সিং ২০৩৫ সালের মধ্যে একটি কার্যকর ভারতীয় অন্তরীক্ষ স্টেশন স্থাপন এবং ২০৪০ সালের মধ্যে চাঁদে একটি ভারতীয় ক্রু মিশন পাঠানোর বিষয়ে সরকারের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছেন। তিনি বলেন, ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত হওয়ার লক্ষ্যমাত্রার আগেই এই মিশনগুলি সম্পন্ন করা হবে। "আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে ভারতের প্রথম মহাকাশচারী–২০৪৭ সালের মধ্যে 'বিকশিত ভারত'–এর জন্য মহাকাশ কর্মসূচির গুরুত্বপূর্ণ ভূমিকা" নিয়ে লোকসভায় এক বিশেষ আলোচনায় বক্তৃতাকালে মন্ত্রী একথা বলেন।

######Byte–Jitendra Singh #####

********************************

**SHG–Tinku Roy :**

সমাজকল্যাণ ও সমাজ শিক্ষামন্ত্রী টিংকু রায় বলেছেন, রাজ্যে গ্রামীণ মহিলাদের স্ব–শক্তিকরণ অর্থাৎ আর্থিকভাবে স্বাবলম্বী করতে ২০১৮ সাল থেকে এখন পর্যন্ত রাজ্য সরকার ২ হাজার কোটি টাকা প্রদান করেছে। গতকাল আগরতলার মুক্তধারা অডিটোরিয়াম মহিলা কমিশন আয়োজিত সেলাই মেশিন বিতরণ অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি একথা বলেন। তিনি বলেন ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গড়ার লক্ষ্যে দেশকে আর্থিকভাবে এগিয়ে নিয়ে যাওয়ার জন্যেই মহিলাদের স্বশক্তিকরণে সবচেয়ে বেশি গুরুত্ব দিয়েছে সরকার।

********************************

**Workshop–Tribal Food :**

খোয়াই মহকুমা জনজাতি কল্যাণ কার্যালয়ে এবং জনজাতি রিসার্চ এন্ড কালচার‍্যাল ইনস্টিটিউটের যৌথ উদ্যোগে গতকাল পদ্মবিল ব্লক অফিস প্রাঙ্গণে ৩ দিনব্যাপী জনজাতি খাদ্য প্রস্তুতি বিষয়ক প্রশিক্ষণ কর্মশালার

উদ্বোধন হয়। কর্মশালার উদ্বোধন করেন পদ্মবিল ব্লক উপদেষ্টা কমিটির চেয়ারম্যান প্রশান্ত দেববর্মা। কর্মশালায় মোট ৩০ জন জনজাতি মহিলা অংশগ্রহণ করেন।

*****************************

**GMP Deputation–Manubankul :**

এডিসি–তে অবিলম্বে ভিলেজ কাউন্সিলের নির্বাচন সহ ৭ দফা দাবিতে গতকাল উপজাতি গনমুক্তি পরিষদের পক্ষ থেকে সাব্রুমের মনু–বনকুল সাব–জোনালে গনডেপুটেশন প্রদান করা হয়। উপজাতি গনমুক্তি পরিষদের কেন্দ্রীয় কমিটির সভাপতি নরেশ জমাতিয়া, সাব্রুম মহকুমা সম্পাদক প্রভাত চৌধুরী গণডেপুটেশন শেষে একটি জমায়েতে বক্তব্য রাখেন।

*****************************

**DLC Meeting :**

দক্ষিন জেলায় স্বাস্থ্য ক্ষেত্রে পঞ্চদশ অর্থ কমিশনের অনুদানের টাকা বাস্তবায়নের পরিকল্পনা গ্রহন করতে গতকাল বিলোনিয়া সার্কিট হাউসে জেলা পর্যায়ের কমিটির এক গুরুত্বপূর্ণ সভা অনুষ্ঠিত হয়। সভায় দক্ষিন জেলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, জেলা শাসক সাজ্জাদ পি প্রমুখ উপস্থিত ছিলেন।

*****************************

**First Division :**

টি.এফ.এ পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলায় রামকৃষ্ণ ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে রামকৃষ্ণ ক্লাব ৭–২ গোলে লালবাহাদুর ব্যায়ামাগারকে হারিয়ে দেয়। বিজয়ী দলের ওলেন সিং হ্যাটট্রিক সহ একাই চারটি গোল করেন।

*****************************

**Volley Ball :**

আগামীকাল থেকে অমরপুর চন্ডিবাড়ি মাঠে তিনদিনব্যাপী রাজ্যভিত্তিক অনূর্ধ ১৭ বছর বয়সের বালক ও বালিকা বিভাগের ভলিবল প্রতিযোগিতা শুরু হবে। প্রতিযোগিতায় ১৬টি দল অংশগ্রহণ করবে।

***************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় পশ্চিম, দক্ষিণ, গোমতী ও সিপাহীজলা জেলাতে ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ ডিগ্রি সেলসিয়াস।

******************************